গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ অ্যান্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নম্বর: ৫২.০১.০০০০.০০০.১০১.২৫.০০০৪.২৬. ২৯৬৫

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩৩ / ০৯ আগস্ট ২০২৬

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী BIGM-SICIP Program, Finance Division, Ministry of Finance এর ২৯ জুলাই ২০২৬ খ্রি. তারিখের বিআইজিএম/এসআইসিআইপি/এস-১/২০২৪-২০২৮/২০২৬-২৯৬ সংখ্যক পত্র মোতাবেক কোর্সটিতে অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাগণকে আগামী ১৩ আগস্ট ২০২৬ খ্রি. তারিখের মধ্যে আবেদন ফরম পূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ পরিচালক, এফএ অ্যান্ড এমআইএস উইং বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) পাতা।

মোঃ হাসানুজ্জামান
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৫৫০০৭৩৪১
ই-মেইল: hasanpdbbs@gmail.com

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

(০১) পরিচালক (সকল) ........................................................................................ উইং, বিবিএস, ঢাকা (অধীন ৬ষ্ঠ গ্রেড ও তদুর্ধ্ব কর্মকর্তাগণ-কে অবহিত করার অনুরোধসহ)।
(০২) পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিবিএস এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
(০৩) প্রকল্প পরিচালক (সকল) ........................................................................................, প্রকল্প, বিবিএস, ঢাকা (অধীন ৬ষ্ঠ গ্রেড তদুর্ধ্ব কর্মকর্তাগণ-কে অবহিত করার অনুরোধসহ)।
(০৪) যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় (সকল) .............................................................. (অধীন ৬ষ্ঠ গ্রেড ও তদুর্ধ্ব কর্মকর্তাগণ-কে অবহিত করার অনুরোধসহ)।
(০৫) স্টাফ অফিসার, মহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(০৬) স্টাফ অফিসার, উপমহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা (উপমহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(০৭) অফিস কপি।

পরিচালকের দপ্তর
কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা
* প্রয়োজনীয় ব্যবস্থা নিন
* আলোচনা করুন
* ওয়েবসাইটে দিন
* নোটিশ বোর্ড
ব্যক্তিগত সহকারী
ডাইরী নম্বর ৪০৭১
তারিখ ৯/৮/২৬
পরিচালক

BIGM

**BIGM-SICIP Program**
Finance Division, Ministry of Finance

মহাপরিচালকের কার্যালয়, বিবিএস

পত্র সংখ্যা: বিআইজিএম/এসআইসিআইপি/এস-১/২০২৪-২০২৮/২০২৬-২৯৬ তারিখ ঃ ১৪ই শ্রাবণ ১৪৩৩ / ২৯শে জুলাই ২০২৬

**বিষয়: Policy Analysis শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ৬ষ্ঠ ব্যাচে (সামগ্রিকভাবে ২৫তম ব্যাচ) কর্মকর্তা মনোনয়ন প্রসঙ্গে।**

মহোদয়,

সার্বিক জনপ্রশাসন ও সংশ্লিষ্ট বেসরকারি খাতের কর্মকর্তাদের মধ্যে উন্নততর দক্ষতা ও মননশীলতার স্ফুরণ ঘটানোর উদ্দেশ্যে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অর্থায়নে Skills for Industry Competitiveness and Innovation Program (SICIP)-এর আওতায় Bangladesh Institute of Governance and Management (BIGM) **Policy Analysis** শীর্ষক ১০ সপ্তাহ মেয়াদী প্রশিক্ষণ কোর্স পরিচালনা করছে। BIGM-SEIP এবং BIGM-SICIP-এর আওতায় এযাবৎ অনুষ্ঠিত Policy Analysis কোর্সের ২৪টি ব্যাচে ৭৪০ জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেছেন। SICIP-এর আওতায় BIGM-এ **Policy Analysis** কোর্সের ৬ষ্ঠ ব্যাচের (সামগ্রিকভাবে ২৫তম) প্রশিক্ষণ আগামী ৫ই সেপ্টেম্বর ২০২৬ তারিখে শুরু হবে।

২। প্রশিক্ষণ কোর্সটি ১০ সপ্তাহব্যাপী অনুষ্ঠিত হবে। এর মধ্যে ১ম ৬ সপ্তাহে শ্রেণীকক্ষে নীতি বিশ্লেষণের বিভিন্ন দিক সম্পর্কে প্রশিক্ষণার্থীদেরকে ধারণা দেওয়া হবে। পরবর্তী ৩ সপ্তাহে প্রত্যেক প্রশিক্ষণার্থী একটি Policy বিষয়ক প্রতিবেদন প্রস্তুত করবেন। ১০ম সপ্তাহে প্রশিক্ষণার্থীবৃন্দ প্রস্তুতকৃত চূড়ান্ত প্রতিবেদন উপস্থাপন করবেন। এই প্রতিবেদনটির গুণগত মান, প্রতিটি মডিউলে ব্যক্তিগত/সমষ্টিগত এসাইনমেন্ট ও ক্লাস/সেমিনারে অংশগ্রহণের উপর সংশ্লিষ্ট কর্মকর্তাকে মূল্যায়ন করা হবে। এখানে উল্লেখ্যঃ

ক) কোর্সটিতে সিনিয়র সহকারী সচিব, উপসচিব এবং যুগ্মসচিব পর্যায়ের BCS ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের কর্মকর্তাগণ (বয়স ৩০ বছর হতে অনূর্ধ্ব ৫২ বছর) আবেদন করতে পারবেন।

খ) Policy Analysis কোর্সের প্রত্যেক ব্যাচে BIGM-এ অনুষ্ঠিত Strategic Management, Rise to Lead: Developing Future Leaders এবং Sustainable Future: Environmental Challenges and Climate Change কোর্সের মধ্য হতে যে কোন একটি কোর্সে অংশগ্রহণকারী সর্বোচ্চ ৫০ শতাংশ প্রশিক্ষণার্থী অংশগ্রহণের সুযোগ পাবেন।

গ) প্রতি ব্যাচের ফলাফলে শীর্ষস্থান অর্জনকারী ৬-৮ জন (৪ অনুপাত ১ হারে) কর্মকর্তাকে দুই সপ্তাহের জন্য বিদেশে নীতিবিষয়ক উচ্চতর প্রশিক্ষণের জন্য মনোনীত করা হবে।

ঘ) কোর্সটি সপ্তাহে ০৫ দিন শনিবার থেকে বুধবার সকাল ৯:০০টা থেকে বিকেল ০৫:০০ টা পর্যন্ত নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ী চলবে।

ঙ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতি কর্মদিবসে যাতায়াত ভাতা হিসেবে ৬০০ টাকা করে প্রদান করা হবে এবং প্রশিক্ষণার্থীদের সকাল-বিকাল চা-চক্র ও দুপুরের খাবারের ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়াও Policy বিষয়ক প্রতিবেদন প্রস্তুত করার জন্য প্রত্যেক প্রশিক্ষণার্থীকে ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা প্রদান করা হবে।

চ) প্রশিক্ষণার্থীকে বা তাঁর প্রতিষ্ঠানকে কোন কোর্স ফি প্রদান করতে হবে না।

ছ) মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণকালীন ১০ সপ্তাহ BIGM-এ সংযুক্ত থাকবেন।

৩। গত ২৭শে জুলাই ২০২৬ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে (www.mopa.gov.bd) **"সর্বশেষ খবর"** শিরোনামের অধীন প্রকাশিত বিজ্ঞপ্তিতে উক্ত কোর্সে আবেদনের বিস্তারিত তথ্যাদি জানা যাবে। এ সাথে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি ও আবেদন ফরম প্রেরণ করা হলো।

৪। দক্ষ মানবসম্পদ গড়ার মাধ্যমে প্রতিষ্ঠানের গতি সঞ্চারকল্পে আপনার মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/প্রতিষ্ঠানের উপযুক্ত কর্মকর্তাদের **৫ই সেপ্টেম্বর ২০২৬** তারিখ হতে অনুষ্ঠেয় Policy Analysis শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ৬ষ্ঠ ব্যাচে (সামগ্রিকভাবে ২৫তম) অংশগ্রহণের জন্য মনোনয়ন প্রদানক্রমে তালিকা **আগামী ১৯শে আগস্ট ২০২৬ তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে** প্রেরণ করার জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি। কোর্স সংক্রান্ত যে কোন প্রয়োজনে কোর্সের ডেপুটি প্রোগ্রাম ডিরেক্টর জনাব দেবাশিস দাশের (মোবাইল নং ০১৯৩২ ৬৯৮৪৭২) সাথে যোগাযোগ করা যাবে।

সংলগ্নী: বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত,

(ড. সুলতান আহমেদ)
পরিচালক
বিআইজিএম

**মহাপরিচালক**
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা

**Bangladesh Institute of Governance and Management (BIGM)**
E-33, Syed Mahbub Morshed Sarani, Agargaon, Sher-E-Bangla Nagar, Dhaka-1207
E-mail: bigm.sicip@bigm.edu.bd; Web: www.bigm.edu.bd; PABX: +88-02-223374040-44; Extn: 127, 159

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-৩ শাখা
www.mopa.gov.bd

নম্বর- ০৫.০০.০০০০.০০০.২০৩.২৫.০০৩.২৫- ১২৫

১১ শ্রাবণ ১৪৩৩
তারিখ: ২৬ জুলাই ২০২৬

## বিজ্ঞপ্তি

বিষয়: অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অর্থায়নে Skill for Industry Competitiveness and Innovation Program (SICIP) প্রকল্পের আওতায় বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম) কর্তৃক আয়োজিত **'Policy Analysis'** শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ৬ষ্ঠ ব্যাচে (সামগ্রিকভাবে ২৫তম ব্যাচ) প্রশিক্ষণার্থী মনোনয়ন।

অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অর্থায়নে 'Skill for Industry Competitiveness and Innovation Program (SICIP)' প্রকল্পের আওতায় বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম) কর্তৃক আয়োজিত 'Policy Analysis' শীর্ষক প্রশিক্ষণ কোর্সে ৬ষ্ঠ ব্যাচে (সামগ্রিকভাবে ২৫তম ব্যাচ) আগামী ০৫ সেপ্টেম্বর ২০২৬ হতে বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম) ই-৩৩, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকাতে অনুষ্ঠিত হবে। বর্ণিত প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়নের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর, দপ্তর এবং অন্যান্য সরকারী প্রতিষ্ঠানের সিনিয়র সহকারী সচিব, উপসচিব এবং যুগ্মসচিব পর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের কর্মকর্তাগণের তথ্য সংযুক্ত আবেদন ফরম পূরণপূর্বক আগামী ১৯.০৮.২০২৬ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় {দৃ.আ. অতিরিক্ত সচিব (সিপিটি অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়} বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর সরাসরি/ডি-নথিতে/ই-মেইলে (it3@mopa.gov.bd) নির্ধারিত ফরমে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

২। অনুষ্ঠিতব্য কোর্সটির মৌলিক তথ্যাদি নিম্নরূপঃ

| | |
|---|---|
| (ক) | উক্ত প্রশিক্ষণ কোর্সটিতে সিনিয়র সহকারী সচিব, উপসচিব এবং যুগ্মসচিব পর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের কর্মকর্তাগণ (বয়সসীমা ৩০ বছর হতে অনূর্ধ্ব ৫২ বছর) আবেদন করতে পারবেন; |
| (খ) | প্রশিক্ষণ কোর্সটি মোট ১০ সপ্তাহব্যাপী পরিচালিত হবে। এর মধ্যে ১ম ৬ সপ্তাহে শ্রেণীকক্ষে নীতি বিশ্লেষণের বিভিন্ন দিক সম্পর্কে প্রশিক্ষণার্থীদেরকে ধারণা দেওয়া হবে। পরবর্তী ৩ সপ্তাহে প্রত্যেক প্রশিক্ষণার্থী Policy বিষয়ক একটি প্রতিবেদন প্রস্তুত করবেন। ১০ম সপ্তাহে প্রশিক্ষণার্থীবৃন্দ প্রস্তুতকৃত চূড়ান্ত প্রতিবেদন উপস্থাপন করবেন। এই প্রতিবেদনটির গুণগত মান, প্রতিটি Module-এ ব্যক্তিগত/ সমষ্টিগত এসাইনমেন্ট ও ক্লাস/ সেমিনারে অংশগ্রহণের উপর সংশ্লিষ্ট কর্মকর্তাকে মূল্যায়ন করা হবে; |
| (গ) | প্রতি ব্যাচের ফলাফলে শীর্ষস্থান অধিকারী ৬-৮ জন ( ৪ অনুপাত ১ হারে ) কর্মকর্তাকে ০২( দুই) সপ্তাহের জন্য বিদেশে নীতিবিষয়ক উচ্চতর প্রশিক্ষণের জন্য মনোনীত করা হবে; |
| (ঘ) | 'Policy Analysis' কোর্সের প্রত্যেক ব্যাচে BIGM-এ অনুষ্ঠিত 'Strategic Management', 'Rise to Lead : Developing Future Leaders' এবং 'Sustainable Future : Environment Challenge and Climate Change' কোর্সের মধ্য হতে যে কোন একটি কোর্সে অংশগ্রহণকারী সর্বোচ্চ ৫০ শতাংশ প্রশিক্ষণার্থী অংশগ্রহণের সুযোগ পাবেন; |
| (ঙ) | প্রশিক্ষণ কোর্সে ক্লাস সপ্তাহে ০৫ (পাঁচ) দিন শনি-বুধবার সকাল ৯:০০ হতে বিকাল ০৫:০০টা পর্যন্ত নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ী চলবে; |
| (চ) | প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতিদিন যাতায়াত ভাতা হিসেবে ৬০০ (ছয়শত) টাকা করে প্রদান করা হবে এবং প্রশিক্ষণার্থীদের সকাল-বিকাল চা-চক্র ও দুপুরের খাবারের ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়াও Policy বিষয়ক প্রতিবেদন প্রস্তুত করার জন্য প্রত্যেক প্রশিক্ষণার্থীকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ভাতা প্রদান করা হবে; |
| (ছ) | প্রশিক্ষণ কোর্সের মেয়াদ ১০ (দশ) সপ্তাহ। মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণকালীন BIGM-এ সংযুক্ত থাকবেন; |

৩। উল্লেখ্য যে, ইতঃপূর্বে যে সকল কর্মকর্তা 'Policy Analysis' প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন, তাদের আবেদন করার প্রয়োজন নেই।

২৬/০৭/২০২৬

(আল-বশিরুল ইসলাম)
সিনিয়রসহকারী সচিব
ফোন: ২২২৬৬৪১১৩১
ইমেইল: it3@mopa.gov.bd

# আবেদন ফরম

বরাবর

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**দৃষ্টি আকর্ষণ:** অতিরিক্ত সচিব (ক্যারিয়ার প্ল্যানিং এন্ড ট্রেনিং), জনপ্রশাসন মন্ত্রণালয়।

**মাধ্যম:** যথাযথ কর্তৃপক্ষ।

**বিষয়: Policy Analysis প্রশিক্ষণ কোর্সের ৬ষ্ঠ ব্যাচে (সামগ্রিকভাবে ২৫তম ব্যাচ) মনোনয়নের আবেদন।**

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমি Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত Policy Analysis প্রশিক্ষণ কোর্সের ৬ষ্ঠ ব্যাচে (সামগ্রিকভাবে ২৫তম ব্যাচ) অংশগ্রহণ করতে ইচ্ছুক। এ জন্য প্রয়োজনীয় তথ্য সদয় অবগতির জন্য পেশ করলাম:

| | | | |
|---|---|---|---|
| ১। | নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল | : | |
| ২। | জন্ম তারিখ | : | |
| ৩। | বয়স (৩১ আগস্ট ২০২৬) | : | |
| ৪। | চাকরিতে যোগদানের তারিখ | : | |
| ৫। | ক্যাডারের নাম ও ব্যাচ | : | |
| ৬। | সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার বিবরণ | : | |
| ৭। | BIGM-এ অনুষ্ঠিত Strategic Management/ Rise to Lead: Developing Future Leaders/ Sustainable Future: Environmental Challenges and Climate Change কোর্সে অংশগ্রহণ করেছেন কিনা? অংশগ্রহণ করলে কোর্সের নাম ও ব্যাচ | | |
| ৮। | মোবাইল নম্বর | : | |
| ৯। | ই-মেইল | : | |

এমতাবস্থায়, আমাকে উক্ত কোর্সে অংশগ্রহণের সুযোগ প্রদানের জন্য বিনীত অনুরোধ করছি।

আপনার অনুগত

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ